



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর  
অপারেশন ও সমন্বয় শাখা



...

সভাপতি	মঈনউদ্দিন আহম্মেদ পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	১৪ জুন ২০২১
সভার সময়	বিকাল ২.৩০ টা
স্থান	৪র্থ তলার সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক


২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের শিলা বিদ্যা ও মণিক বিদ্যা শাখা এবং স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে অধিদপ্তরের আভ্যন্তরীণ সেবাগ্রহীতা/অংশীজনদের এক অবহিতকরণ সভা পরিচালক (অপারেশন ও সমন্বয়) এর সভাপতিত্বে ১৪ জুন ২০২১ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকায় অধিদপ্তরের ৪র্থ তলার সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটি সভাকে অবহিত করেন যে, জিএসবি'র ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে কর্মসম্পাদন সূচকের অনুচ্ছেদ ১.৪.১ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের সঙ্গে অবহিতকরণ সভা আয়োজনের বিষয় উল্লেখ রয়েছে।

এ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সভাপতি শিলা বিদ্যা ও মণিক বিদ্যা এবং স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব এবং শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের তাদের শাখার অধীনস্থ পরীক্ষাগার হতে প্রদানকৃত সেবার বিষয়ে আলোকপাতের অনুরোধ জানান। পরীক্ষাগারে বিদ্যমান বিশেষায়িত অত্যাধুনিক **Microscope** যেমন- **Biological Microscope** ও **Sterio Microscope** এর মাধ্যমে পলল নমুনা হতে অণুজীবাস্থ (**Foraminifera**), পরাগরেণু (**Spore, Pollen**) সনাক্তকরণ করার সুযোগ রয়েছে মর্মে স্তরতত্ত্ব ও জীব স্তরতত্ত্ব শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন। সম্প্রতি উদ্ভাবিত “বিডি প্যালিওন্টোলোজি” অ্যাপের মাধ্যমেদেশে প্রাপ্ত **Spore, Pollen** ও **Foraminifera** -এর ক্যাটালগ প্রস্তুত করা হয়েছে। যা এ বিষয়ে গবেষকগণকে গবেষণাকাজে সহায়তা করবে। চাহিদানুযায়ী এ সংক্রান্ত নমুনা পরীক্ষার জন্য শাখা হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

বিভিন্ন শিলা ও মণিক নমুনার বিশ্লেষণের জন্য শিলা ও মণিকবিদ্যা শাখায় নমুনার বুনট (**Grain Size**) বিশ্লেষণ, গ্রেইন স্লাইড প্রস্তুত এবং **Polarizing Microscope** এর মাধ্যমে নমুনার পেট্রোগ্রাফিক্যাল বিশ্লেষণ করার সুযোগ রয়েছে। এ ছাড়া **Sieving & Hydrometer Analysis** পদ্ধতি ব্যবহার করে পরীক্ষা সহায়তা এ শাখা হতে দেয়া সম্ভব হবে মর্মে শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সভাকে অবহিত করেন। এছাড়াও আরোও কিছু আধুনিক যন্ত্রপাতি অত্র শাখায় বিদ্যমান আছে। যন্ত্রপাতিসমূহ বর্তমানে পরিপূর্ণ কর্মক্ষম না থাকায় সেগুলো সারাই কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। সারাই প্রক্রিয়া সম্পন্ন হলে শাখা হতে গবেষণাকাজে আরোও সহায়তা প্রদান সম্ভব হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে কসভার সমাপ্তি ঘোষণা করেন।



মঈনউদ্দিন আহম্মেদ  
পরিচালক (ভূতত্ত্ব)

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.২৮

তারিখ: ৬ আষাঢ়. ১৪২৮

২০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) জিএসবি'র পরিচালকবৃন্দ
- ২) জিএসবি'র কর্মকর্তাবৃন্দ



মোহাম্মদ আলমগীর কবীর  
উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১